218

দৈনিক ইত্তেফাক

তারিখ 03 JAN 1998
পৃষ্ঠা ১৬ কলাম ৭

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রধানমন্ত্রীর আগমন প্রতিহত করার কর্মসূচী নিয়াছে ছাত্রদল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।। ছাত্র দল গতকাল (শুক্রবার) মধুর ক্যান্টিনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে (১৫শ পৃ: ৫-এর কঃ দ্রঃ)

### ছাত্রদল

(শেষ পৃঃ পর)

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষকদের আবাসিক কমপ্লেক্সের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগমন প্রতিহত করার কর্মসূচী ঘোষণা করিয়াছে। সাংবাদিক সম্মেলনে দলের সভাপতি শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি লিখিত বক্তব্যে বলেন, হল দখলকারী সন্ত্রাসীদের আশ্রয়দাত্রী, শান্তিচুক্তির নামে দেশের এক দশমাংশ ভূখণ্ড খুনী সন্তুলারমাদের হাতে তুলিয়া দিয়া গণতন্ত্র ও সার্বভৌমত্ব ভূলুণ্ঠনকারী শেখ হাসিনা ৫ই জানুয়ারী বহু আন্দোলন সংগ্রামের সূতিকাগার ও মুক্তবুদ্ধির পাদপীঠ ঢাকা ভার্সিটিতে আসিতে চান। কিন্তু ছাত্রদল নেতা-কর্মীরা যেকোন মূল্যে তাহার আগমন প্রতিহত করিবে। লিখিত বক্তব্যে আরও বলা হয়, বিশ্ববিদ্যালয়ের ভিসি শেখ হাসিনাকে ক্যাম্পাসে আনার অপপ্রয়াস বন্ধ না করিলে উহার পরিণতি শুভ হইবে না। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন: দলের নেতা হাবিবউননবী সোহেল, নাসিরউদ্দিন প্রিন্স, আবদুল খালেক, মঞ্জুরে এলাহী, মনোয়ার হোসেন রানা, সাহাবুদ্দিন, মনির হোসেন, নাসির উদ্দিন অসীম, সেলিমুজ্জামান, জয়ন্ত কুণ্ড প্রমুখ।